

বাংলাদেশে পল্লী উন্নয়ন বোর্ড
ইরসেপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৩৯.১১৩. ২৪০০


তারিখ: ১৫ জুলাই ২০২৪

বিষয়: ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১১/০৭/২০২৪ তারিখের প্রকল্পের সফটওয়্যারে আপনার কার্যক্রম অগ্রগতি যাচাই করে দেখা যায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ১৭,১৮,৬৫০/- টাকা এবং কিস্তি খেলাপী ৭১,৬৯,৯৫৫.০০ টাকা।

০২। এছাড়া, সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় উক্ত উপজেলায় সুফলভোগী সদস্য এককালীন ঋন পরিশোধ করা সত্ত্বেও ঋণ নীতিমালা এবং এ সংক্রান্ত নির্দেশনা বহির্ভূতভাবে অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করা হয়। এতে প্রতীয়মান হয় আপনি নতুন সদস্য অন্তর্ভুক্তি/সমিতি গঠনের বিষয়ে গুরুত্ব আরোপ না করে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল রাখার জন্য এককালীন ঋন পরিশোধকারী সদস্যদের অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেন। ফলশ্রুতিতে উক্ত উপজেলায় কিস্তি খেলাপী বৃদ্ধি পেয়ে তা মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিনত হচ্ছে। তাই কিস্তিতে ঋণ আদায় জোরদারকরণসহ নতুন সদস্য অন্তর্ভুক্তি/ সমিতি গঠনপূর্বক ঋণ বিতরণ বৃদ্ধির উদ্যোগ নিতে হবে যেন কোন ঋণ তহবিল অলস অবস্থায় ব্যাংকে গচ্ছিত না থাকে। কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়সহ এককালীন পরিশোধকারী সদস্যদের বাদ দিয়ে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল করার জন্য কর্মপরিকল্পনা গ্রহণ না করায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হওয়াসহ নীতিমালা বহির্ভূত কার্যকলাপের বিষয়টি আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার শামিল হিসেবে বিবেচিত হয়েছে।

০৩। এমতাবস্থায়, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনাকে চুক্তি ভিত্তিক নিয়োগ হতে চূড়ান্ত ভাবে অপসারণ করা হবে না তার জবাব আগামী ৩১/০৭/২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


এ, এস, এম, সোলায়মান
উপ প্রকল্প পরিচালক
ইরসেপো, বিআরডিবি।

জনাব জাহিদ হোসেন
মাঠ সংগঠক, ইরসেপো
বিআরডিবি, মনিরামপুর, যশোর।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রকল্প পরিচালক, ইরসেপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: যশোর।
৩. উপপ্রকল্প পরিচালক, ইরসেপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা (নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধসহ)।
৪. প্রোগ্রামার, ইরসেপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, মনিরামপুর, যশোর।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরসেপো, বিআরডিবি, মনিরামপুর, যশোর।
৮. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস/ব্যক্তিগত কপি।